

**উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়**  
**রোগ ও পোকাকার সতর্কীকরণ প্রকল্প**  
**Disease and Pestilence Warning System**  
**পুন্ডিবাড়ি, কোচবিহার**

**আমন ধানের ছত্রাক জনিত বাদামি দাগ, ঝলসা রোগ ও খোলা ধুসা রোগ এবং মাজরা ও পাতা মোড়া পোকা প্রতিরোধে আমাদের পরামর্শ**

বর্তমান পরিস্থিতিতে আমাদের জেলাতে আমন ধানের বিভিন্ন প্রকার ছত্রাক জনিত ও ব্যাকটেরিয়া জনিত রোগ এবং পোকাকার সংক্রমণ প্রতিরোধের জন্য কৃষক বন্ধুদের নিম্নলিখিত পরামর্শ গুলি অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে:

১) ছত্রাক জনিত বাদামি দাগ, ঝলসা রোগ ও খোলা ধুসা রোগ প্রতিরোধের জন্য নিম্নলিখিত পদ্ধতি গুলি অবলম্বন করুন:

ধানের ঝলসা, বাদামি দাগ ও খোলা ধুসা রোগের প্রকোপ কম হলে ভ্যালিডামাইসিন (সিখমার)/প্রপিকোনাজল ( টিল্ট) ১.৫ মিলি প্রতি লিটার জলে গুলে ১০-১৫ দিন অন্তর ২-৩ বার স্প্রে করুন।

• ধানের ঝলসা ও বাদামি দাগ রোগের প্রকোপ বেশি হলে প্রথমে ট্রাইফ্লক্সিস্ট্রিভিন + টেবুকোনাজল ( ন্যাটিভো) ৮-১০ গ্রাম প্রতি ১৫ লিটার ট্যাক্সিতে গুলে স্প্রে করুন এবং ঠিক তার ৫ দিন পর ট্রাইসাইক্লোজোল (বান/বিম) ২৫ গ্রাম প্রতি ১৫ লিটার ট্যাক্সিতে গুলে স্প্রে করুন।

• ধানের খোলা ধুসা রোগের প্রকোপ বেশি হলে ট্রাইফ্লক্সিস্ট্রিভিন + টেবুকোনাজল ( ন্যাটিভো) ৮-১০ গ্রাম প্রতি ১৫ লিটার ট্যাক্সিতে গুলে প্রতি ১০ দিন অন্তর ২-৩ বার স্প্রে করুন।

২) ব্যাকটেরিয়া জনিত ঝলসা রোগ প্রতিরোধের জন্য নিম্নলিখিত পদ্ধতি গুলি অবলম্বন করুন:

১ গ্রাম স্ট্রেপ্টোমাইসিন ১০ লিটার জলে গুলে সেই দ্রবণে ধান বীজ ৮-১০ ঘন্টা ভিজিয়ে রাখতে হবে অথবা মূল জমিতে রোয়া লাগানোর আগে তার শেকড়গুলি ২০ মিনিটের জন্য স্ট্রেপ্টোমাইসিন দ্রবণে (১ গ্রাম প্রতি ১০ লিটার জলে) ভিজিয়ে রাখুন এবং তারপর সেগুলিকে তুলে নিয়ে ছায়াযুক্ত জায়গায় বাতাসে শুকিয়ে নিয়ে লাগান।

জমিতে ব্যাকটেরিয়া জনিত ঝলসা রোগ দেখা মাত্রই কপার হাইড্রক্সাইড ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন।

৩) মাজরা ও পাতা মোড়া পোকাকার আক্রমণ প্রতিরোধের জন্য নিম্নলিখিত পদ্ধতি গুলি অবলম্বন করুন:

• ধানে মাজরা পোকা ও পাতা মোড়া পোকাকার আক্রমণ বেশি হলে আলফা-সাইহ্যালোথ্রিন ( এজেন্ট প্লাস) ১০ মিলি প্রতি ১৫ লিটার ট্যাক্সিতে ১ পাতা শ্যাম্পু সহ গুলে স্প্রে করুন।

• মাজরা পোকা প্রতিরোধের জন্য ফেরোমন ট্র্যাপ এবং আলোক ফাদ প্রতি বিঘাতে ২ টি করে ব্যবহার করুন।

প্রয়োজনে কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন রোগ ও পোকাকার সতর্কীকরণ প্রকল্প (Disease and Pestilence Warning System) এর সাথে যুক্ত বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন অথবা প্রতি জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন।

**যোগাযোগ:**

ড: তপন কুমার হাত---মো: ৯৪৩৪৬৮৫৬৭০

ড: অয়ন রায় ----- মো: ৯৪৩৪৪৮৩৫৯৩

ড: নৃপেন্দ্র লস্কর----- মো: ৯৪৩৪৪৮৩৮৫৫

ড: সুরজিৎ খালকো--- মো: ৮৯০০৫১৬২২৯

ড: সত্যজিত হেমরম-- মো: ৯৮৭৪৮৬৮১৯১

গবেষণা অধিকর্তা  
উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়  
পুন্ডিবাড়ি, কোচবিহার। ১৪